অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ক্রমবর্ধমান শক্তির খরচ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের সতর্ক করেছেন এবং ইউটিলিটিগুলিকে গ্রাহকদের সাথে কাজ করার নির্দেশ দিয়েছেন

ইলেকট্রিক এবং গ্যাস ইউটিলিটিগুলিকে উচ্চ শক্তির বিলের সম্মুখীন গ্রাহকদের সাথে কাজ করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে

স্বল্প আয়ের গ্রাহকদের সহায়তা কার্যক্রমের সাথে সংযুক্ত করার জন্য উন্নত রাজ্যব্যাপী প্রচারণা

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে রাজ্যের ইউটিলিটি নিয়ন্ত্রক এখন নিউ ইয়র্কের সমস্ত প্রধান বৈদ্যুতিক এবং গ্যাস ইউটিলিটিগুলিকে চিঠি পাঠিয়েছে যা নিউ ইয়র্কবাসীদের মধ্যে প্রাকৃতিক গ্যাসের ক্রমবর্ধমান দামের কারণে ইউটিলিটি বিলের জাতীয় বৃদ্ধির আলোকে শক্তি সরবরাহের দামের ক্রমাগত বৃদ্ধি এবং ইউটিলিটি বিলের উপর তার প্রভাব সম্পর্কে প্রচার এবং শিক্ষার প্রচেষ্টা বাড়ানো আবশ্যক করে। এছাড়াও, গভর্নর হোকল একটি বর্ধিত রাজ্যব্যাপী প্রচারাভিযান চালু করেছেন যাতে স্বল্প আয়ের গ্রাহকদের জন্য ত্রাণ প্রচেষ্টা বাড়ানোর জন্য যাতে তারা লক্ষ লক্ষ ডলারের সাহায্য পাওয়া পেতে পারেন।

"চরম ইউটিলিটি বিলের বৃদ্ধি যা আমরা সবাই দেখছি আমাদের পরিবারের বাজেটের উপর গুরুতর প্রভাব ফেলছে, এবং প্রতিক্রিয়া হিসাবে আমরা পদক্ষেপ নিচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "আমি পাবলিক সার্ভিস ডিপার্টমেন্টকে নির্দেশ দিয়েছি যে রাজ্যের সমস্ত প্রধান বৈদ্যুতিক এবং গ্যাস ইউটিলিটিগুলি যেন গ্রাহকদের সাথে কাজ করে এবং বিশেষ করে, আমাদের সব চেয়ে ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের সাথে, অস্থিতিশীল মূল্যের থেকে তাদের রক্ষা করতে এবং তাদের কাছে উপলব্ধ সংস্থানগুলি সম্পর্কে তাদের শিক্ষিত করার জন্য।"

প্রাকৃতিক গ্যাসের খরচ, যা বাড়ি গরম করতে এবং বিদ্যুৎ উৎপাদন করতে ব্যবহৃত হয়, তা তীব্রভাবে বৃদ্ধি পেয়ে চলেছে যার ফলে আগের মাসের তুলনায় গ্রাহকের বৈদ্যুতিক এবং/অথবা প্রাকৃতিক গ্যাস বিলের সরবরাহ উপাদানের উল্লেখযোগ্য বৃদ্ধি হচ্ছে — কখনও কখনও দ্বিগুণেরও বেশি। স্বাভাবিকের চেয়ে বেশি শীতল তাপমাত্রার কারণে ঘরোয়া ব্যবহার বৃদ্ধি, অর্থনৈতিক ক্রিয়াকলাপ বৃদ্ধি পাওয়া, এবং আন্তর্জাতিকভাবে প্রাকৃতিক গ্যাসের চাহিদা বৃদ্ধি ইত্যাদি কারণে বৈশ্বিক পর্যায়ে প্রাকৃতিক গ্যাসের ব্যবহার বেড়ে যাওয়ায় বিলের এসব বৃদ্ধি ঘটছে।

11 ফেব্রুয়ারি, 2022 এ, পাবলিক সার্ভিস কমিশন একটি চিঠি পাঠায় রাজ্যের বৃহত্তম ইউটিলিটি কন এডিসনের (Con Edison) কাছে, তাদের বিলিং অনুশীলনগুলি পর্যালোচনা করার জন্য এবং তাদের গ্রাহকদের সাথে আরও ভালোভাবে যোগাযোগ করার জন্য অনুরোধ করে। 25 ফেব্রুয়ারি কন এডিসন প্রতিক্রিয়া জানায় এবং বলে যে উল্লেখযোগ্য গ্রাহক বিলের পরিমাণে হেরফেরের সম্ভাবনা কমাতে তারা তাদের বিলিং প্রক্রিয়া সামঞ্জস্য করবে। কন এডিসন আরও বলেছেন যে এটি বৈদ্যুতিক এবং গ্যাস গ্রাহকদের সাথে যোগাযোগ উন্নত করবে।

আজ PSC রাজ্যের অন্যান্য প্রধান বৈদ্যুতিক এবং গ্যাস ইউটিলিটিগুলিকে চিঠি জারি করেছে সক্রিয়ভাবে যোগাযোগ করার জন্য, গ্রাহকদের রক্ষা করার জন্য এবং যেখানেই সম্ভব খরচের প্রভাবগুলি হ্রাস করার জন্য তাদের আহ্বান জানিয়ে, যার মধ্যে আছে বিভিন্ন কেনাকাটার পদ্ধতি এবং হেজ, সেই সাথে গ্রাহকের অর্থপ্রদান সহায়তা পরিকল্পনার প্রচার এবং শক্তির ব্যবহার কমানোর জন্য প্রোগ্রাম। আলাদাভাবে, গভর্নর হোকল রাজ্যের গরম করার তেল এবং প্রোপেন সরবরাহকারীদেরকে বাড়ির গরম করার বিল কমানোর বিকল্পগুলির বিষয়ে গ্রাহকদের সচেতনতা বৃদ্ধির ক্ষেত্রে সক্রিয় হওয়ার আহ্বান জানিয়েছেন।

জীবাশ্ম জ্বালানির উপর নিউ ইয়র্কের নির্ভরতা আক্রমনাত্মকভাবে হ্রাস করা

শক্তি সরবরাহের ব্যয়ের সাম্প্রতিক বৃদ্ধি একটি বেদনাদায়ক অনুস্মারক যে রাজ্য আমাদের শক্তির চাহিদা মেটাতে জীবাশ্ম জ্বালানির উপর অত্যধিকভাবে নির্ভরশীল। জীবাশ্ম জ্বালানির উপর এই নির্ভরতা জলবায়ু পরিবর্তন এবং বায়ু দূষণে অবদান রাখছে, কিন্তু, এই অভিজ্ঞতাটি এও দেখায় যে এটি গ্রাহকদের বিশ্বব্যাপী পণ্যমূল্যের ওঠানামার প্রতিও উন্মুক্ত করছে। গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে এবং এই শীতে নাটকীয় মূল্যের পরিবর্তন হওয়া জীবাশ্ম জ্বালানির উপর আমাদের নির্ভরতা উভয়ই কমাতে রাজ্যের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনকে (Climate Leadership and Community Protection Act) অগ্রসর করতে আমাদের এক সাথে কাজ করা চালিয়ে যেতে হবে।

একটি অধিকতর সবুজ, আরো বেশি পরিচ্ছন্ন অর্থনীতির দিকে নিউ ইয়র্কের এগিয়ে যাওয়ার সাথে গভর্নর হোকল জীবাশ্ম জ্বালানির উপর স্টেটের নির্ভরতা কমিয়ে আনতে এবং জ্বালানির খরচ স্থিতিশীল রাখতে, নবায়নযোগ্য উৎস ব্যবহারের মাধ্যমে, বিদ্যুৎ উৎপাদনের জ্বালানির উৎসের মধ্যে বৈচিত্র্য নিয়ে আসার জন্য উল্লেখযোগ্য বিনিয়োগ করছেন। জলবায়ু সংকটের মাত্রা উপলব্ধি করে, গভর্নর হোকল তার 2022 সালের স্টেট অব দ্যা স্টেট ভাষণে এবং নির্বাহী বাজেট প্রস্তাবে একটি উচ্চাকাঙ্ক্ষী নবায়নযোগ্য জ্বালানি ও কর্মসংস্থান বিষয়ক এজেন্ডা ঘোষণা করেছেন। এই এজেন্ডার মধ্যে পরবর্তী অফশোর বায়ুশক্তি উন্নয়নের সলিসিটেশন অন্তর্ভুক্ত রয়েছে; যেখানে অফশোর বায়ুশক্তির জন্য বন্দর পরিকাঠামো ও সরবরাহ শৃঙ্খলের জন্য 500 মিলিয়ন ডলার বিনিয়োগ করা হবে; যার ফলে 2030 সালের মধ্যে 2 মিলিয়ন জলবায়ু-বান্ধব, বৈদ্যুতীকরণকৃত অথবা বৈদ্যুতীকরণের জন্য প্রস্তুত বাড়ি অর্জন করা যাবে; যা নিউ ইয়র্কের সব চেয়ে নোংরা, দূষণকারী পাওয়ার প্ল্যান্টগুলোকে পর্যায়ক্রমে বন্ধ করে দেবে; সবুজ হাইড্রোজেনের মতো নতুন নির্মল জ্বালানি প্রযুক্তির জন্য বাজারকে উদ্দীপিত করবে; এবং মানসম্পন্ন সবুজ কর্মসংস্থান তৈরি হওয়ার বিষয়টি নিশ্চিত করবে।

হিটিং ইউটিলিটি সহায়তায় বহু মিলিয়ন ডলার উপলব্ধ

সরবরাহের দাম বৃদ্ধির মোকাবেলা করার জন্য, গভর্নর হোকল আজ নিউ ইয়র্কবাসীদের সংগ্রামে সহায়তা করার জন্য উপলব্ধ বিভিন্ন হিটিং এবং ইউটিলিটি খরচ পরিশোধ সহায়তা কর্মসূচির সচেতনতা বাড়াতে পাবলিক সার্ভিস ডিপার্টমেন্ট (DPS) এবং অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিসট্যান্স (OTDA) এর নেতৃত্বে একটি বর্ধিত রাজ্যব্যাপী প্রচেষ্টা শুরু করেছেন। এই প্রোগ্রামগুলি অবশিষ্ট শীতের মৌসুমের জুড়ে সম্ভাব্য পরিষেবার ব্যাঘাত এড়াতে সাহায্য করবে। এই প্রোগ্রামগুলির মধ্যে রয়েছে:

- হোম এনার্জি অ্যাসিসট্যান্স প্রোগ্রাম (Home Energy Assistance Program, HEAP), যা আয়, পরিবারের আকার এবং তারা কিভাবে তাদের বাড়ি গরম করেন তার উপর নির্ভর করে যোগ্য বাড়ির মালিক এবং ভাড়াটেদের 751 ডলার পর্যন্ত প্রদান করতে পারে। চারজনের একটি পরিবারের সর্বাধিক মোট মাসিক আয় 5,249 ডলার বা বার্ষিক স্থূল আয় 62,983 ডলার হতে পারে এবং তাও সুবিধার জন্য যোগ্য হতে পারে। এখন পর্যন্ত উপযুক্ত পরিবারগুলো 1.5 মিলিয়ন নিয়মিত HEAP সুবিধা পেয়েছে, যার মোট পরিমাণ 216 মিলিয়ন ডলার।
- নিম্ন আয়ের পরিবারগুলিকে পরিবার প্রতি 10,000 ডলার পর্যন্ত হিটিং ইউটিলিটি বকেয়া পরিশোধ করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেট 250 মিলিয়ন ডলারের অতিরিক্ত ফেডারেল তহবিলও প্রদান করছে। এখন পর্যন্ত, প্রায় 115,000 নিয়মিত বকেয়া সম্পূরক সুবিধা জারি করা হয়েছে, এবং যোগ্য পরিবারের জন্য 183 মিলিয়ন ডলারের বকেয়া পরিশোধ করা হয়েছে।
- নিম্ন ও মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদেরকে জ্বালানির মূল্য বৃদ্ধির এই সময়ে তাদের হিটিং সংযোগ বিচ্ছিন্ন হয়ে যাওয়া অথবা তাদের হিটিংয়ের উৎস ফুরিয়ে যাওয়া এড়াতে সাহায্য করার জন্য জরুরি HEAP এর মাধ্যমে 90 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল প্রদান করা হয়েছে। বর্তমানে, নিম্ন ও মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের এই শীতে জ্বালানির মূল্য বৃদ্ধির কারণে তাদের বাড়ির গরম করার সংযোগ বিচ্ছিন্ন হওয়া বা তাদের গরম করার উত্স নিঃশেষ হওয়া এড়াতে সাহায্য করার জন্য 58 মিলিয়ন ডলারের তহবিল উপলব্ধ রয়েছে৷
- 2021 সালে PSC এর স্টেটব্যাপী জ্বালানি ক্রয়ক্ষমতা নীতিমালা (Energy Affordability Policy, EAP) কর্মসূচির জন্য নির্ধারিত বাজেট 237.6 মিলিয়ন ডলার থেকে বৃদ্ধি করে 366.7 মিলিয়ন ডলারে উন্নীত করেছে এবং যোগ্যতা প্রসারিত করেছে, যার ফলে আরো প্রায় 95,000 নিম্ন-আয়ের গ্রাহক সুবিধা পেতে সক্ষম হবেন। 2021 সালের সেপ্টেম্বর মাস থেকে যোগ্য গ্রাহকদের ইউটিলিটিগুলো আনুমানিক 183 মিলিয়ন ডলারের বিলের ছাড় জারি করেছে।
- বিল প্রদানের বিকল্পগুলি: আবাসিক গ্রাহকরা তাদের ইউটিলিটি প্রদানকারীর কাছে বিলিং বিকল্পগুলি সম্পর্কে জিজ্ঞাসা করতে পারেন যা বিলম্বিত অর্থপ্রদান বা 'বাজেট বিলিং'-এর অনুমতি দেয় এমন ইউটিলিটি বিলগুলিতে সমতা নিয়ে আসতে যা এক মৌসুমে বেশি এবং অন্য মৌসুমে কম হয়। এটি খরচ নেভিগেট করা সহজতর করতে পেমেন্টগুলি গঠনে সাহায্য করতে পারে।

- নিম্ন আয়ের পরিবারগুলি যারা তাপহীন পরিস্থিতির সম্মুখীন হচ্ছেন, OTDA তাদের গরম করার সরঞ্জাম মেরামত বা প্রতিস্থাপন সুবিধার জন্যও আবেদন গ্রহণ করছে। যোগ্য বাড়ির মালিকরা এখন মেরামতের জন্য 3,000 ডলার পর্যন্ত বা একটি চুল্লি, বয়লার বা পরিবারের প্রাথমিক গরম করার উৎসটি কাজ করাতে থাকার জন্য প্রয়োজনীয় অন্যান্য সরাসরি গরম করার সরঞ্জাম প্রতিস্থাপনের জন্য 6,500 ডলার পর্যন্ত আবেদন করতে পারেন৷ উপরন্তু, যোগ্য পরিবারগুলি শক্তি দক্ষতার পরিষেবাগুলি পেতে পারে, যার মধ্যে রয়েছে প্রাথমিক গরম করার সরঞ্জামগুলি পরিষ্কার করা, সেগুলি নিরাপদ এবং দক্ষভাবে পরিচালনার জন্য। আগ্রহী পরিবারগুলি তাদের স্থানীয় HEAP পরিচিতির সাথে আবেদন করতে পারেন।

বিল পরিশোধের সহায়তার সাথে গ্রাহকদের শক্তি খরচ কমাতে, ওভারটাইম বিল কম করতে এবং তাদের বাড়ির স্বাস্থ্য, স্বাচ্ছন্দ্য এবং নিরাপত্তার উন্নতিতে সাহায্য করার জন্য শক্তি দক্ষতার প্রোগ্রামগুলিতে নথিভুক্ত করার জন্যও অনুরোধ করা হচ্ছে। বাসিন্দারা উপলব্ধ প্রোগ্রাম এবং সংস্থান সম্পর্কে আরও জানতে পারেন www.energyadvisor.ny.gov বা https://hcr.ny.gov/weatherization এ।

PSC-এর চেয়ারম্যান রবি এম. ক্রিশ্চিয়ান বলেছেন, "যদিও PSC এবং ইউটিলিটিগুলি সরবরাহের দাম নিয়ন্ত্রণ করতে পারে না, ইউটিলিটিগুলি গ্রাহকদের সাথে তাদের যোগাযোগ জোরদার করতে পারে যাতে তারা নিশ্চিত করতে পারে যে তারা সমস্ত সম্ভাব্য গ্রাহক সুরক্ষা প্রদান করছে এবং তাদের প্রতিটি উপলব্ধ সহায়তার প্রোগ্রাম সম্পর্কে সচেতন করছে।"

OTDA ভারপ্রাপ্ত কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিটজ বলেছেন, "শক্তির দামের বৃদ্ধি প্রত্যেককে প্রভাবিত করেছে, তবে নিম্ন আয়ের পরিবার, কর্মজীবী পরিবার এবং বয়স্ক নিউ ইয়র্কবাসীদের বিশেষভাবে প্রভাবিত করেছে৷ হোম এনার্জি অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম সেই যোগ্য পরিবারগুলিকে অত্যাবশ্যক ত্রাণ প্রদান করতে পারে যারা এই ঠান্ডা শীতের মাসগুলিতে তাদের পারিবারিক বাজেটের একটি বৃহত্তর অংশ তাদের গরম করার বিল পরিশোধ করতে খরচ করছেন।"

বর্ধিত গ্রাহকদের শিক্ষা ও সচেতনতা

PSC এবং DPS গ্রাহকদের সরবরাহের মূল্যে অনুমানিত বৃদ্ধি, গ্রাহকদের ইউটিলিটি বিলের সম্ভাব্য প্রভাব এবং উপলব্ধ সহায়তার প্রোগ্রামগুলির বিষয়ে সক্রিয়ভাবে সতর্ক করা চালিয়ে যাবে। রাজ্যের বৈদ্যুতিক এবং গ্যাস ইউটিলিটিগুলির সাথে সমন্বয় করে এই প্রচেষ্টাগুলির মধ্যে প্রেস রিলিজ, নিউজলেটার, ইউটিলিটি কল সেন্টারের প্রতিনিধির প্রশিক্ষণ, ইউটিউব ভিডিও এবং সোশ্যাল মিডিয়া পোস্টগুলি অন্তর্ভুক্ত থাকবে৷

উপরন্তু, DPS এবং ইউটিলিটিগুলি গ্রাহকদেরকে গ্রাহক সুরক্ষা সম্পর্কে মনে করিয়ে দিতে থাকবে যা নিউ ইয়র্ক স্টেট হোম এনার্জি ফেয়ার প্র্যাকটিস অ্যাক্টের অধীনে রয়েছে যেখানে আবাসিক গ্রাহকদের জন্য তাদের ইউটিলিটি পরিষেবাগুলির জন্য ব্যাপক সুরক্ষা রয়েছে। এই

অধিকারগুলির মধ্যে রয়েছে কিস্তিতে বিল পরিশোধ করার বিকল্প, বিলম্বের ফি বন্ধ করা, পরিষেবাগুলি বন্ধ করার আগে পর্যাপ্ত নোটিশ এবং যাদের এ সীমিত বা যাদের চিকিৎসাগত সমস্যা রয়েছে তাদের জন্য সুরক্ষা প্রদান। DPS থেকে এগুলি সম্পর্কে জানুন PSC-কে জিজ্ঞাসা করুন এ।

OTDA তার স্থানীয় সরকারী অংশীদার, ইউটিলিটি এবং গরম করার জ্বালানী সরবরাহকারীদের সাথে কাজ করে চলেছে যাতে সম্ভাব্য যোগ্য পরিবারগুলি নিউ ইয়র্কবাসীদের উচ্চ গরম করার খরচ মোকাবেলায় সহায়তা করার জন্য উপলব্ধ সহায়তা সম্পর্কে সচেতন থাকে।

গ্রাহকরা যাতে তাদের জ্বালানি বিল কার্যকরভাবে সামাল দেয়ার জন্য তাদের প্রয়োজনীয় সহায়তা ও তথ্য পাওয়ার জন্য এসব কর্মসূচি সম্পর্কে সচেতন থাকেন তা নিশ্চিত করতে PSC অঙ্গীকারাবদ্ধ। শীতকালীন প্রস্তুতিমূলক প্রচেষ্টা এবং এসব সহায়তা কর্মসূচি সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.dps.ny.gov/winter ওয়েবসাইট দেখুন। এনার্জি অ্যাফোর্ডেবিলিটি পলিসি ইউটিলিটি বিলের ডিসকাউন্ট প্রোগ্রামে নথিভুক্ত করতে গ্রাহকদের তাদের পৃথক ইউটিলিটির সাথে যোগাযোগ করা উচিত:

কন এডিসনের গ্রাহকগণ: কন এড
অরেঞ্জ এবং রকল্যান্ডের গ্রাহকগণ: O&R
ন্যাশনাল গ্রিডের গ্রাহকগণ: ন্যাশনাল গ্রিড (National Grid)
ন্যাশনাল ফুয়েল গ্যাস গ্রহকগণ: NFG
NYSEG গ্রাহকগণ: NYSEG
রচেষ্টার গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিকের গ্রহকগণ: RGE
PSEG-LI গ্রাহকগণ: PSEG
সেন্ট্রাল হাডসনের গ্রাহকগণ: CH

OTDA এর উপলব্ধ সহায়তা প্রোগ্রাম সম্পর্কে আরো জানতে অনুগ্রহ করে দেখুন: https://otda.ny.gov/programs/heap/

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন